মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১০৬৭

২৬. আকীকা সম্পর্কিত অধ্যায় (كتاب العقيقة)

পরিচ্ছেদঃ ১. আকীকার বর্ণনা

بَاب مَا جَاءَ فِي الْعَقِيقَةِ

আরবী

حَدَّثَنِي يَحْيَى عَنْ مَالِك عَنْ زَيْدِ بْنِ أَسْلَمَ عَنْ رَجُلٍ مِنْ بَنِي ضَمْرَةَ عَنْ أَبِيهِ أَنَّهُ قَالَ سُئِلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ الْعَقِيقَةِ فَقَالَ لَا أُحِبُّ الْعُقُوقَ وَكَأَنَّهُ إِنَّمَا كَرِهَ الِاسْمَ وَقَالَ مَنْ وُلِدَ لَهُ وَلَدٌ فَأَحَبَّ أَنْ يَنْسُكَ عَنْ وَلَدِهِ فَلْيَفْعَلْ

বাংলা

রেওয়ায়ত ১. বনী যামরার জনৈক ব্যক্তি তাহার পিতা হইতে বর্ণনা করেন-রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলায়হি ওয়াসাল্লামের নিকট আকীকা সম্পর্কে জিজ্ঞাসা করা হইলে তিনি বলিয়াছিলেন, আমি উকুক[1] (পিতা মাতার অবাধ্যতা) পছন্দ করি না। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এই নামটি পছন্দ করিলেন না। তিনি আরো বলিয়াছিলেনঃ কাহারো সন্তান হইলে সে যদি কিছু কুরবানী করিতে চায় তবে তাহা করিতে পারে।

English

Yahya related to me from Zayd ibn Aslam from a man of the Banu Damra that his father said, "The Messenger of Allah, may Allah bless him and grant him peace, was asked about the Aqiqa. He said, 'I do not like disobedience (uquq),' as if he disliked the name. He said, 'If anyone has a child born to him, and wants to sacrifice for his child, then let him do it.' "

ফুটনোট

[1] উকুক শব্দের অর্থ হইল পিতামাতার অবাধ্য হওয়া। আর আকীক শব্দটির ধাতু যেহেতু উকূক শব্দের অনুরূপ। তাই রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উকুক পছন্দ করেন নাই।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=73963

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন